Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



## The Country Today

CAMPUS CORNER



# Application for admission to DU undergraduate program begins from Oct 29

**DU Correspondent**

The online application process for admission to the undergraduate program at Dhaka University for the academic year 2025-2026 will begin on Wednesday noon.

The online application process will end on Sunday at 11:59 pm. These decisions were taken at the General Admission Committee meeting held at the Nawab Nawab Ali Chowdhury Senate Bhaban auditorium on Monday, October 13, 2025. Vice-Chancellor Professor Dr. Niaz Ahmed Khan presided over the meeting.

## আমার দেশ

# ঢাবি ভর্তি পরীক্ষার তারিখ ঘোষণা
# আবেদন শুরু ২৯ অক্টোবর

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে স্নাতক ভর্তি পরীক্ষার তারিখ ঘোষণা করা হয়েছে। অনলাইনে আবেদন কার্যক্রম আগামী ২৯ অক্টোবর দুপুর ১২টা থেকে শুরু হয়ে ১৬ নভেম্বর রাত ১১টা ৫৯ মিনিটে শেষ হবে। ভর্তিচ্ছুরা আগামী ২৪ নভেম্বর থেকে তাদের প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন।

গতকাল সোমবার বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন মিলনায়তনে অনুষ্ঠিত ভর্তি কমিটির সাধারণ সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সভায় সভাপতিত্বে সভায় উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরীসহ অনলাইন ভর্তি কমিটির আহ্বায়ক, প্রক্টর, বিভিন্ন অনুষদের ডিন, হল প্রাধ্যক্ষ, বিভাগের চেয়ারম্যান ও ইনস্টিটিউটের পরিচালকগণ উপস্থিত ছিলেন।

নতুন শিক্ষাবর্ষে মোট পাঁচটি আলাদা ইউনিটে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। সেগুলো হলো—কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট, বিজ্ঞান ইউনিট, ব্যবসায় শিক্ষা ইউনিট, চারুকলা ইউনিট ও আইবিএ ইউনিট।

ভর্তি পরীক্ষার সময়সূচি—আগামী ২৮ নভেম্বর সকাল ১০টা থেকে ১২টায় আইবিএ ইউনিট; ২৯ নভেম্বর বেলা ১১টা থেকে সাড়ে ১২টায় চারুকলা ইউনিট; ৬ ডিসেম্বর বেলা ১১টা থেকে সাড়ে ১২টায় ব্যবসায় শিক্ষা ইউনিট; ১৩ ডিসেম্বর বেলা ১১টা থেকে সাড়ে ১২ টায় কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট; এবং ২০ ডিসেম্বর বেলা ১১টা থেকে সাড়ে ১২টায় বিজ্ঞান ইউনিটের পরীক্ষা।

চারুকলা ও আইবিএ ইউনিট ব্যতীত বাকি তিনটি ইউনিটের ভর্তি পরীক্ষা ঢাকাসহ আটটি বিভাগীয় শহরের বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হবে। সেগুলো হলো- রাজশাহী বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, বরিশাল বিশ্ববিদ্যালয়, খুলনা বিশ্ববিদ্যালয়, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহের কবি নজরুল বিশ্ববিদ্যালয় (ত্রিশাল) এবং বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়।

তবে ব্যবসায় শিক্ষা ইউনিটের পরীক্ষা শুধু ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, খুলনা ও বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হবে।

চারুকলা বাদে বাকি সব ইউনিটে ৬০ নম্বরের বহুনির্বাচনি (এমসিকিউ) ও ৪০ নম্বরের লিখিত পরীক্ষা হবে। বহুনির্বাচনি পরীক্ষার জন্য ৪৫ মিনিট ও লিখিত পরীক্ষা ৪৫ মিনিট সময় বরাদ্দ থাকবে। চারুকলা ইউনিটের ক্ষেত্রে ৪০ নম্বরের বহুনির্বাচনী (সময় ৩০ মিনিট) ও ৬০ নম্বরের অঙ্কন পরীক্ষা (সময় ৬০ মিনিট) হবে।

মোট ১২০ নম্বরের ভর্তি মূল্যায়ন ভর্তি পরীক্ষায় ১০০ নম্বর এবং উচ্চ-মাধ্যমিক (এসএসসি) ও মাধ্যমিক (এইচএসসি) পরীক্ষার ফলাফলের উপর ২০ নম্বর যোগ হবে।

আবেদনকারীদের ২০২০ থেকে ২০২৩ সালের মধ্যে উচ্চ-মাধ্যমিক (সমমান) এবং ২০২৫ সালের মাধ্যমিক (সমমান) পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। আবেদনকারীকে বিজ্ঞান ইউনিটের ক্ষেত্রে দুই পরীক্ষার ন্যূনতম জিপিএ- যোগফল ৮.০, পৃথকভাবে ৩.৫; কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিটে ন্যূনতম যোগফল ৭.৫, পৃথকভাবে ৩.০; ব্যবসায় শিক্ষা ইউনিটে ন্যূনতম যোগফল ৭.৫, পৃথকভাবে ৩.০ এবং চারুকলা ইউনিটে ন্যূনতম যোগফল ৬.৫ ও পৃথকভাবে ৩.০ পেতে হবে।

**খোলা কাগজ**

# ঢাবির ভর্তি পরীক্ষা ২৮ নভেম্বর থেকে

খোলা কাগজ প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের ভর্তির আবেদন ও পরীক্ষার সূচি প্রকাশ করা হয়েছে। গতকাল সোমবার বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তিতে জানানো হয়, আগামী ২৯ অক্টোবর থেকে ভর্তি পরীক্ষার আবেদন শুরু হবে। এটি চলবে ১৬ নভেম্বর রাত ১১টা ৫৯মিনিট পর্যন্ত।

এদিন ভর্তি কমিটির সভায় দিনক্ষণ ঠিক হওয়ার কথা তুলে ধরে বিজ্ঞপ্তিতে বলা হয়, ২৮ নভেম্বর প্রথম দিন হবে ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট ইউনিটের ভর্তি পরীক্ষা। পরের দিন পরীক্ষা হবে চারুকলা অনুষদের। পরীক্ষা শেষ হবে ২০ ডিসেম্বর; সেদিন নেওয়া হবে বিজ্ঞান ও কলা এবং আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিটের পরীক্ষা।

**খোলা কাগজ**



# ঢাবিতে আন্ডারগ্র্যাজুয়েট ভর্তির আবেদন ২৯ অক্টোবর থেকে শুরু

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে অনলাইনে আবেদন শুরু হবে আগামী ২৯ অক্টোবর দুপুর ১২টা থেকে এবং শেষ হবে ১৬ নভেম্বর রাত ১১:৫৯ মিনিটে। সাধারণ ভর্তি কমিটির সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান সভাপতিত্ব করেন। ভর্তি পরীক্ষা ৫টি ইউনিটে অনুষ্ঠিত হবে: কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট, বিজ্ঞান ইউনিট, ব্যবসায় শিক্ষা ইউনিট, চারুকলা ইউনিট এবং আইবিএ ইউনিট। প্রবেশপত্র ডাউনলোড করা যাবে ২৪ নভেম্বর থেকে। বিভিন্ন ইউনিটের ভর্তি পরীক্ষা নির্ধারিত হয়েছে ২৮ নভেম্বর থেকে ১৩ ডিসেম্বর পর্যন্ত। চারুকলা ইউনিট ছাড়া অন্য ইউনিটে এমসিকিউ ৬০ নম্বর এবং লিখিত ৪০ নম্বর, চারুকলাতে এমসিকিউ ৪০ ও অঙ্কন ৬০ নম্বর। মোট মূল্যায়ন ১২০ নম্বর, যার মধ্যে ভর্তি পরীক্ষা ১০০ ও শিক্ষাগত যোগ্যতা ২০ নম্বর। ভর্তিচ্ছু শিক্ষার্থীদের ২০২০-২৩ সাল পর্যন্ত মাধ্যমিক/সমমান এবং ২০২৫ সনের উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। বিজ্ঞপ্তি

**দেশ রুপান্তর**

# ঢাবি ভর্তি পরীক্ষার আবেদন শুরু ২৯ অক্টোবর

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) ২০২৫-২৬ শিক্ষাবর্ষে স্নাতক প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার তারিখ ঘোষণা করা হয়েছে। ভর্তি পরীক্ষার জন্য ২৯ অক্টোবর দুপুর ১২টা থেকে অনলাইনে আবেদন করা যাবে। আবেদন কার্যক্রম শেষ হবে আগামী ১৬ নভেম্বর রাত ১১টা ৫৯ মিনিটে। ২৪ নভেম্বর থেকে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড করা যাবে। আর ২৮ নভেম্বর আইবিএ ইউনিটের ভর্তি পরীক্ষার মধ্য দিয়ে এ কার্যক্রম শুরু হবে। ২০ ডিসেম্বর 'বিজ্ঞান ইউনিট'-এর মধ্য দিয়ে শেষ হবে ভর্তি পরীক্ষা।

গতকাল সোমবার বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন মিলনায়তনে অনুষ্ঠিত সাধারণ ভর্তি কমিটির সভায় এসব সিদ্ধান্ত হয়। সভায় সভাপতিত্ব করেন উপাচার্য নিয়াজ আহমদ খান।

সভায় বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী, অনলাইন ভর্তি কমিটির আহবায়ক, বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, প্রক্টর, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, বিভিন্ন ইনস্টিটিউটের পরিচালক এবং সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

২০২৫-২৬ শিক্ষাবর্ষে ঢাবিতে পাঁচটি ইউনিটের মাধ্যমে 'আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম'-এ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

**কালের কণ্ঠ**

# ঢাবির আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তির আবেদন শুরু ২৯ অক্টোবর

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০২৫-২৬ শিক্ষাবর্ষে 'আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম'-এ ভর্তির জন্য অনলাইনে আবেদন কার্যক্রম ২৯ অক্টোবর বুধবার দুপুর ১২টায় শুরু হবে। আবেদন করার শেষ সময় ১৬ নভেম্বর রবিবার রাত ১১টা ৫৯ মিনিট। ভর্তি পরীক্ষা শুরু হবে ১৩ ডিসেম্বর থেকে।

গতকাল সোমবার বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন মিলনায়তনে সাধারণ ভর্তি কমিটির সভায় এসব সিদ্ধান্ত গৃহীত হয়। বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সভায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিয়াজ আহমদ খান সভাপতিত্ব করেন। বিজ্ঞপ্তিতে

## ভর্তি পরীক্ষা শুরু ১৩ ডিসেম্বর

জানানো হয়, ভর্তি পরীক্ষা হবে পাঁচটি ইউনিটে। পরীক্ষার প্রবেশপত্র ২৪ নভেম্বর সোমবার থেকে ডাউনলোড করা যাবে। কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষা ১৩ ডিসেম্বর, বিজ্ঞান ইউনিটের পরীক্ষা ২০ ডিসেম্বর, ব্যবসায় শিক্ষা ইউনিটের পরীক্ষা ৬ ডিসেম্বর, চারুকলা ইউনিটের পরীক্ষা ২৯ নভেম্বর, আইবিএ ইউনিটের পরীক্ষা ২৮ নভেম্বর হবে। আইবিএ ইউনিট ছাড়া অন্যান্য সব ইউনিটের ভর্তি পরীক্ষা সকাল ১১টা থেকে দুপুর ১২টা ৩০ মিনিট পর্যন্ত, আর আইবিএ ইউনিটের পরীক্ষা সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত হবে।

## নয়া দিগন্ত



# ঢাবি ইতিহাস বিভাগের ৯৬ শিক্ষার্থীকে ১৪ লাখ টাকার বৃত্তি প্রদান

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ইতিহাস বিভাগের বিভিন্ন বর্ষের ৯৬ শিক্ষার্থীকে ১৪ লাখ টাকা বৃত্তি প্রদান করা হয়েছে। সোমবার সিরাজুল ইসলাম লেকচার হলে আয়োজিত এক বর্ণাঢ্য অনুষ্ঠানে তাদের এই বৃত্তি প্রদান করা হয়।

বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. আশফাক হোসেনের সভাপতিত্বে বৃত্তি প্রদান অনুষ্ঠানে কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান ও ইতিহাস বিভাগের খণ্ডকালীন অধ্যাপক ড. সৈয়দ আনোয়ার হোসেন বক্তব্য রাখেন। সহযোগী অধ্যাপক শারমিন জাহান চৌধুরী অনুষ্ঠান সঞ্চালন করেন।

তিনটি ক্যাটাগরিতে মোট ৯৬ জন মেধাবী শিক্ষার্থী এই বৃত্তি লাভ করেন। প্রথম ক্যাটাগরিতে ১৯ শিক্ষার্থীকে প্রতি মাসে ৪ হাজার টাকা করে, দ্বিতীয় ক্যাটাগরিতে ১৭ শিক্ষার্থীকে এককালীন সাত হাজার টাকা করে এবং তৃতীয় ক্যাটাগরিতে ৩১ শিক্ষার্থীকে এককালীন ৫ হাজার টাকা করে বৃত্তি প্রদান করা হয়। এ ছাড়া, প্রত্যেক বর্ষের ফাইনাল পরীক্ষায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারী ২৯ শিক্ষার্থীকে মেধাবৃত্তি প্রদান করা হয়। প্রত্যেক বর্ষের প্রথম স্থান অর্জনকারী শিক্ষার্থীরা ১০ হাজার টাকা করে, দ্বিতীয় স্থান অর্জনকারীরা সাত হাজার টাকা করে এবং তৃতীয় স্থান অর্জনকারীরা ৫ হাজার টাকা করে বৃত্তি পান।

উল্লেখ্য, ইতিহাস বিভাগে ১৬টি বৃত্তি ফান্ড আছে। এসব ফান্ড থেকে প্রতি বছর বিভিন্ন ক্যাটাগরিতে মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি দেয়া হয়। এ বছর ছয়জন শিক্ষার্থীকে ইতিহাস বিভাগ বৃত্তি, ছয়জন শিক্ষার্থীকে জেনারেল এম. এ. জি ওসমানী বৃত্তি, চারজন শিক্ষার্থীকে ফজলুল করিম স্মারক বৃত্তি, চারজন শিক্ষার্থীকে নুরুল আবেদীন স্মারক বৃত্তি, চারজন শিক্ষার্থীকে প্রয়াত আলহাজ নুরুন নেসা বেগম বৃত্তি, একজন শিক্ষার্থীকে ১৯৮৩ ব্যাচ বৃত্তি, একজন শিক্ষার্থীকে ১৯৮৪ ব্যাচ বৃত্তি, একজন শিক্ষার্থীকে ১৯৮৫ ব্যাচ বৃত্তি, সাতজন শিক্ষার্থীকে মির্জা বানু অ্যান্ড সিরাজুল ইসলাম এন্ডাউমেন্ড ফান্ড বৃত্তি, একজন শিক্ষার্থীকে আব্দুল মোবারক বৃত্তি, ১১ জন শিক্ষার্থীকে হিস্ট্রি অ্যালামনাই এন্ডাউমেন্ড ফান্ড বৃত্তি, সাতজন শিক্ষার্থীকে বিবেকানন্দ ইতিহাস ফান্ড বৃত্তি, ১০ জন শিক্ষার্থীকে কুলসিয়া চৌধুরী ওয়াকুফ বৃত্তি, চারজন শিক্ষার্থীকে গোলাম সাকলায়েন সাকী বৃত্তি, তিনজন শিক্ষার্থীকে এ কে এম বজলুর রহমান- বেগম নুরজাহান বৃত্তি এবং ২৯ জন শিক্ষার্থীকে অধ্যাপক সিরাজুল ইসলাম মেধাবৃত্তি প্রদান করা হয়। বিজ্ঞপ্তি।

## The New Age



Dhaka University history department holds a programme to hand over scholarships to the recipients at a programme at the DU Sirajul Islam Lecture Hall on Monday. — Press release

# 96 students of DU history department awarded scholarships

**Staff Correspondent**

NINETY-six students of Dhaka University history department of different years were awarded scholarships worth Tk 14 lakh at a programme at the DU Sirajul Islam Lecture Hall on Monday.

Dean of the DU faculty of arts Professor Mohammad Siddiqur Rahman Khan and part-time professor of the history department Syed Anwar Hossain spoke at the ceremony, which was presided over by chairperson of the department Professor Ashfaq Hossain.

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

# DU in Media

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

২৯ আশ্বিন ১৪৩২ | 14 October 2025

## প্রতিদিনের সংবাদ



# ঢাবির ইতিহাস বিভাগের ৯৬ শিক্ষার্থীকে বৃত্তি প্রদান

● নিজস্ব প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ইতিহাস বিভাগের বিভিন্ন বর্ষের ৯৬ শিক্ষার্থীকে ১৪ লাখ টাকা বৃত্তি প্রদান করা হয়েছে। গতকাল সোমবার সিরাজুল ইসলাম লেকচার হলে আয়োজিত এক বর্ণাঢ্য অনুষ্ঠানে তাদের এ বৃত্তি প্রদান করা হয়। বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. আশফাক হোসেনের সভাপতিত্বে বৃত্তি প্রদান অনুষ্ঠানে কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান ও ইতিহাস বিভাগের খণ্ডকালীন অধ্যাপক ড. সৈয়দ আনোয়ার হোসেন বক্তব্য দেন। সহযোগী অধ্যাপক শারমিন জাহান চৌধুরী অনুষ্ঠান সঞ্চালনা করেন।

৩টি ক্যাটাগরিতে মোট ৯৬ মেধাবী শিক্ষার্থী এ বৃত্তি লাভ করেন। প্রথম ক্যাটাগরিতে ১৯ শিক্ষার্থীকে প্রতি মাসে ৪ হাজার টাকা করে, দ্বিতীয় ক্যাটাগরিতে ১৭ শিক্ষার্থীকে এককালীন ৭ হাজার টাকা করে এবং তৃতীয় ক্যাটাগরিতে ৩১ শিক্ষার্থীকে এককালীন ৫ হাজার টাকা করে বৃত্তি প্রদান করা হয়। এছাড়া প্রত্যেক বর্ষের ফাইনাল পরীক্ষায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারী ২৯ শিক্ষার্থীকে মেধাবৃত্তি প্রদান করা হয়। প্রত্যেক বর্ষের প্রথম স্থান অর্জনকারী শিক্ষার্থীরা ১০ হাজার টাকা করে, দ্বিতীয় স্থান অর্জনকারীরা ৭ হাজার টাকা করে এবং তৃতীয় স্থান অর্জনকারীরা ৫ হাজার টাকা করে বৃত্তি পান।

উল্লেখ্য, ইতিহাস বিভাগে ১৬টি বৃত্তি ফান্ড আছে। এসব ফান্ড থেকে প্রতি বছর বিভিন্ন ক্যাটাগরিতে মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি দেওয়া হয়। এ বছর ৬ শিক্ষার্থীকে ইতিহাস বিভাগ বৃত্তি, ৬ শিক্ষার্থীকে জেনারেল এমএজি ওসমানী বৃত্তি, ৪ শিক্ষার্থীকে ফজলুল করিম স্মারক বৃত্তি, ৪ শিক্ষার্থীকে নুরুল আবেদীন স্মারক বৃত্তি, ৪ জন শিক্ষার্থীকে প্রয়াত আলহাজ্ব নুরুল মোস্তফা বেগম বৃত্তি, ১ জন শিক্ষার্থীকে ১৯৮৩ ব্যাচ বৃত্তি, ১ জন শিক্ষার্থীকে ১৯৮৬ ব্যাচ বৃত্তি, ১ জন শিক্ষার্থীকে ১৯৮৫ ব্যাচ বৃত্তি, ৭ জন শিক্ষার্থীকে মির্জা বানু অ্যান্ড সিরাজুল ইসলাম অ্যাকাডেমিক ফান্ড বৃত্তি, একজন শিক্ষার্থীকে আবদুল মোবারক বৃত্তি, ১১ শিক্ষার্থীকে [illegible] অ্যাকাডেমিক ফান্ড বৃত্তি, ৭ শিক্ষার্থীকে বিবেকানন্দ ইতিহাস ফান্ড বৃত্তি, ১০ শিক্ষার্থীকে কুলসিমা চৌধুরী ওয়াকফ বৃত্তি, ৪ শিক্ষার্থীকে গোলাম [illegible] বৃত্তি, ৩ শিক্ষার্থীকে এ কে এম [illegible] রহমান বেগম নূরজাহান বৃত্তি এবং ২৯ শিক্ষার্থীকে অধ্যাপক সিরাজুল ইসলাম মেধাবৃত্তি প্রদান করা হয়।

## The Country Today



# 96 students of DU History Department get scholarship worth Tk 1.4 million

DU Correspondent

Some 96 students of different years of the History Department of Dhaka University have been awarded scholarships worth Tk 1.4 million. They were awarded the scholarships at a colorful ceremony organized at Sirajul Islam Lecture Hall on Monday.

The scholarship distribution ceremony was presided over by Departmental Chairman Professor Dr. Ashfaq Hossain. Dean of the Faculty of Arts Professor Dr. Mohammad Siddiqur Rahman Khan and Part-time Professor of the Department of History Dr. Syed Anwar Hossain spoke at the ceremony. Associate Professor Sharmin Jahan Chowdhury conducted the program. A total of 96 meritorious students in 3 categories received this scholarship. In

## The New Nation

# DU-DC students clash at midnight

DU Correspondent

Dhaka University and Dhaka College students clashed in front of the Shahnewaz hostel, designated for students of the Faculty of Fine Arts of Dhaka University, adjacent to the capital's New Market, on Sunday midnight.

Police said three people were injured in the incident and explosions were also heard.

On Monday morning, it was found that the overall situation is normal, but additional police have been deployed in front of Dhaka College and Shahnewaz hostel.

Students of Shahnewaz Hostel said,

Contd on page-11- Col-6



Students from several government colleges stage a blockade and protest in front of the Shikkha Bhaban in the capital demanding the immediate finalisation of the Dhaka Central University Act 2025 and the immediate issuance of an ordinance on Monday. ■ Photo: Moin Ahmed

## DU-DC students

Cont from page 12

"At night, some students of Dhaka College tried to evict the shops in front of the hall gate and vandalized some shops. When our students protested, they attacked us and later returned with more people and pelted bricks at the hall and caused three explosions in front of the hall."

New Market Zone Assistant Commissioner (AC) Jahangir Alam said, "There are a few shops in front of Shahnewaz Hall and some students of Dhaka College went there and tried to remove the shops. At that time, they had an argument with the hawkers. Later, when the students of Shahnewaz Hall reached the spot, they also had an argument with them, which turned into a clash. Two or three people were slightly injured in this."

He said, "It cannot be called a cocktail explosion, there was a sound like bursting firecrackers."....